# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৩. নারীর পক্ষে কারো প্রতিনিধি হয়ে হজ ও উমরা করা দুরস্ত:

শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যাহ  রহ. 'মাজমুউল ফতোয়ায়': (২৬/১৩) বলেন: "আলেমদের ঐক্যমত্যে নারীর জন্য বৈধ অপর নারীর পক্ষ থেকে হজ করা, হোক সে তার মেয়ে অথবা অন্য কেউ। অনুরূপ চার ইমাম ও জমহুর আলেমদের নিকট পুরুষের পক্ষ থেকেও নারীর হজ করা বৈধ, যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাসআমিয়াহ নারীকে তার বাবার পক্ষ থেকে হজ করার নির্দেশ দিয়েছেন, যখন সে বলেছিল:

«يا رسول الله إن فريضة الله في الحج على عباده أدركت أبي وهو شيخ كبير، فأمرها النبي صلى الله عليه وسلم أن تحج عن أبيها، مع أن إحرام الرجل أكمل من إحرامها».

"হে আল্লাহর রাসূল, বান্দার ওপর আল্লাহর ফরজ বিধান হজ আমার বাবাকে বার্ধক্য অবস্থায় পেয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তার বাবার পক্ষ থেকে হজ করার নির্দেশ দেন, যদিও নারীর তুলনায় পুরুষের ইহরাম অধিক পরিপূর্ণ"।[1] সমাপ্ত।

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৪৪২; সহীহ মুসলিম, হাদীস নং ১৩৩৪; তিরমিযী, হাদীস নং ৯২৮; আবু দাউদ, হাদীস নং ১৮০৯; ইবন মাজাহ, হাদীস নং ২৯০৯; আহমদ: (১/২১৩); দারেমী, হাদীস নং ১৮৩৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=14716

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন